# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১০. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সৌন্দর্য প্রসঙ্গে

## بَاب فِي حُسْنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَعِيدٍ، أَخْبَرَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مُحَمَّدٍ، عَنْ أَشْعَثَ بْنِ سَوَّارٍ، عَنْ أَبِي إِسْحَاق، عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ رَضِيَ اللهُ عَنْهُ، قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي لَيْلَةٍ إِضْحِيَانٍ، وَعَلَيْهِ حُلَّةٌ حَمْرَاءُ، فَجَعَلْتُ أَنْظُرُ إِلَيْهِ وَإِلَى الْقَمَرِ، قَالَ: فَلَهُوَ كَانَ أَحْسَنَ فِي عَيْنِي مِنْ الْقَمَرِ

إسناده ضعيف أشعث بن سوار ضعيف وهو متأخر السماع من أبي إسحاق

বাংলা

৫৮. জাবির ইবনু সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: আমি এক চাঁদনী রাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে লাল রংয়ের একজোড়া উত্তম নতুন (মোটা কিংবা পাতলা[1]) কাপড় পরিহিত অবস্থায় দেখেছি। আমি একবার তাঁর দিকে আরেকবার চাঁদের দিকে তাকাচ্ছিলাম। আর নিশ্চয়ই আমার চোখে চাঁদের চেয়ে তাঁকেই বেশি সুন্দর লাগছিলো।[2]

ফুটনোট

[1] (হুল্লাহ’ শব্দের অর্থ সুন্দর উত্তম মোটা কিংবা পাতলা একজাতীয় দুইখানা কাপড়।- মুহাক্কিক্বের টীকা দ্র: - অনুবাদক)

[2] সনদ যয়ীফ । আশ’আস বিন সিওয়ার যয়ীফ। তবে তিরমিযী বারা’ ইবনু আযিব রা: হতে বর্ণিত হাদীসটির ব্যাপারে ইমাম বুখারীর মতামত উল্লেখ করেছেন যে, তিনি একে সহীহ বলেছেন। শাইখ আরনাউত্ব ও আল মাউসিলী, আল মুসনাদের (১৬৯৯, ১৭০০,১৭১৪) তাহক্বীক্বে এ হাদীসকে সহীহ বলেছেন।

তাখরীজ: তিরমিযী ২৮১২; তাবারানী, মু’জামুল কাবীর ২/২০৬ নং ১৮৪২; হাকিম ৪/১৮৬; বাইহাকী, দালাইল ১/১৯৬।৫
এর শাহিদ রয়েছে বারা’ রা: হতে আমরা যার তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী ৩/৪৬৪ নং ৭৪৭৭ ও ১৭০০ তে। আর তা সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45823

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন